

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৮.০০০০.০০৮.২৩.০৪৩.২৪.২১৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
 ২৭ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি


বিষয়: 'শেখ রাসেল পদক ২০২৪' এর জন্য আবেদন আহ্বান।

স্বাধীনতার মহান স্মৃতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুমেছা মুজিবের কমিউনিটি পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাহান রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনুর্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্থীরতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২৪' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| ক্ষেত্র | সময়সীমা |
|---|-------------------------------|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ২৮ মার্চ |
| আবেদন দাখিল | ০১ এপ্রিল - ১৫ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ১৬ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২১, ২০২২ ও ২০২৩ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৪' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।


 মোঃ মোস্তফা কামাল
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
 ই-মেইল: dg@doict.gov.bd